



বাউবি/পরীক্ষা/কম্পিউটার ইউনিট/৫১০/২০১৪/২০৪৪

তারিখ : ১৮/০৪/২০১৭ খ্রিঃ

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

আঞ্চলিক কেন্দ্র

ঢাকা/ময়মনসিংহ/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/রাজশাহী/বগুড়া/রংপুর/যশোর/বরিশাল/ফরিদপুর/খুলনা।

জরুরী

বিষয় : SSC, HSC ও BA/BSS প্রোগ্রামের পরীক্ষক নিয়োগ সংক্রান্ত আবেদন Online-এ পূরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত SSC, HSC ও BA/BSS প্রোগ্রামের পরীক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্তির জন্য বাউবি'র ওয়েবসাইট, exam.bou.edu.bd এর পরীক্ষকের আবেদন লিংক এর মাধ্যমে টিউটর/নন টিউটরগণ Online-এ আবেদনপত্র পূরণ করবেন। আবেদন সম্পন্ন হলে আবেদনকারীর আবেদনপত্রের মূদ্রণকৃত কপি সংরক্ষণ করবেন। বাউবি'র টিউটর নন এমন আবেদনকারী আবেদনপত্রের মূদ্রণকৃত কপি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রসহ সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্রে দাখিল করবেন। সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্র/উপ-আঞ্চলিক কেন্দ্র পূর্বে প্রাপ্ত User ID দিয়ে (প্রশ্নের চাহিদাকালীন) প্রবেশ করে পরীক্ষকগণের আবেদনসমূহ যাচাইপূর্বক নিশ্চিত করবেন। কোন আবেদনকারীর আবেদনপত্র নিশ্চিত করা না হলে তা বাতিল বলে গণ্য হবে।

- ২। সকল টিউটর/নন টিউটরদের পেশকৃত আবেদনপত্র যাচাইপূর্বক নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, BA/BSS প্রোগ্রামের ক্ষেত্রে ২৫/০৫/২০১৭ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনপত্র হতে ২০১৬ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষার পরীক্ষক নিয়োগ দেয়া হবে।
- ৩। SSC ও HSC প্রোগ্রামের ক্ষেত্রে ৩১/০৮/২০১৭ তারিখের মধ্যে প্রাপ্ত আবেদনপত্র হতে ২০১৮ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষার পরীক্ষক নিয়োগ দেয়া হবে।
- ৪। উপরে বর্ণিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্রসমূহ পরবর্তীতে অনুষ্ঠিতব্য পরীক্ষার পরীক্ষক নিয়োগের ক্ষেত্রে বিবেচিত হবে।

এমতাবস্থায় উল্লিখিত প্রোগ্রামসমূহের পরীক্ষক নিয়োগের জন্য যথাসময়ে Online-এ আবেদনপত্র গ্রহণ এবং যাচাইপূর্বক নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ,



(ড. মোঃ আসাদুজ্জামান উকিল)

পরীক্ষা নিয়ন্ত্রক

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

- ১। ডীন, ওপেন স্কুল/এসএসএইচএল, বাউবি, গাজীপুর।
- ২। রেজিস্ট্রার, বাউবি, গাজীপুর।
- ৩। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি, গাজীপুর।
- ৪। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি, গাজীপুর (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি, গাজীপুর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি, গাজীপুর (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সহকারী পরিচালক, ট্রেজারারের দপ্তর, বাউবি, গাজীপুর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। সংরক্ষণ নথি।

